সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ মাহবুবুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ

স্থান: জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ

তারিখ: ৩১/০৮/২০২২ খ্রিঃ

সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দেখানো হ'ল

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, উন্নয়নের অন্যতম একটি পূর্বশর্ত হলো সুশাসন প্রতিষ্ঠা করা। যেখানে জনগণ স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারবে, নারী-পুরুষের সমান অংশগ্রহণ তথা জেন্ডার সমতা নিশ্চিত হবে এবং নির্বিঘ্নে সেবা জনগণের কাছে পৌছে যাবে। মৎস্য অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও এর বাস্তবায়নের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ নিম্নরুপ:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীতসিদ্ধান্ত | বাস্তবায়ন কারী/পদক্ষেপ গ্রহণকারী |
|---|---|---|---|
| ১ | মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ এবং বিধিমালা ১৯৮৫ নিয়ে আলোচনা। | সভায় সংশ্লিষ্ট আইন এবং এর বিধিমালা নিয়ে বিস্তারিত আলোচনা ও উপস্থিত সদস্যবৃন্দের মতামত গ্রহণ করা হয়। আইনটির উপকারী দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>➢ আইনটি বাস্তবায়নে সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ নিয়মিত ভাবে উদ্বুদ্ধকরণসহ নদী, বিল/ প্লাবন ভূমি পরিদর্শন ও পর্যবেক্ষণে সচেষ্ট থাকবেন।<br>➢ উপস্থিত অংশীজন / মৎস্যজীবীগণ অন্যান্য মৎস্যজীবীদের আইনটির উপকারী দিক নিয়ে আলোচনা করে আইনটি মেনে চলার ব্যাপারে সবাইকে উদ্বুদ্ধ করবেন।<br>➢ উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক মোবাইলকোর্ট/ অভিযান পরিচালনা কালে সার্বিক ভাবে সহযোগিতা প্রদান করবে।<br>➢ জেলার বিভিন্ন উপজেলার নদী ও বিলে স্থাপিত মৎস্য অভয়াশ্রমসমূহ রক্ষণাবেক্ষণে অংশীজনগণ সার্বিকভাবে সহযোগিতা করবেন।<br>➢ এ আইনটি বাস্তবায়নে উপজেলা মৎস্য দপ্তরকে সঠিক সময়ে সঠিক তথ্য প্রদান/ সরবরাহ করে অংশীজনগণ সহযোগিতা করবেন। | জেলামৎস্যদপ্তরএবং সিনিয়রউপজেলা/ উপজেলামৎস্যদপ্তরসমূহ |
| ২ | অনলাইনে/ মোবাইলে মৎস্য বিষয়ক পরামর্শ প্রদান | সভায় উপস্থিত অংশীজনদেরকে অধিদপ্তরের মৎস্য সেবা প্রাপ্তির বিভিন্ন উপায়/ দিক নিয়ে আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>➢ অধিদপ্তরের ওয়েবসাইট www.fisheries.gov.bd এর মাধ্যমে মৎস্য সেবা প্রাপ্তির জন্য জেলা মৎস্য দপ্তর/ উপজেলা মৎস্য দপ্তর ও খামার ব্যবস্থাপকগণ বিভিন্ন স্টেকহোল্ডারগণকে প্রচার ও উৎসাহিত করবেন।<br>➢ মোবাইলের মাধ্যমে ১৬১২৬ নম্বরে কলকরে মৎস্য বিষয়ক বিভিন্ন সেবা সরাসরি পাওয়া যাবে এ ব্যাপারে উপজেলা মৎস্য দপ্তরসহ উপস্থিত অংশীজন বৃন্দ অন্যান্য মৎস্যচাষী/ মৎস্যজীবী এবংস্টেহোল্ডারদের অবহিত করা সহ উদ্বুদ্ধ করবেন।<br>➢ সার্বিক ভাবে মৎস্য বিষয়ক যে কোন সেবাগ্রহণে উপজেলা মৎস্য দপ্তর/ খামার ব্যবস্থাপকের দপ্তর এবং জেলা মৎস্য দপ্তরে সরাসরি মোবাইলের মাধ্যমে সেবা গ্রহণের জন্য স্টেকহোল্ডারগণকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা মৎস্য দপ্তর এবং সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কার্যালয়সমূহ/ খামার ব্যবস্থাপক গণ |

তিনি জানান যে, উল্লেখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের মাধ্যমে জনগণ পূর্বের তুলনায় অল্প খরচে এবং অল্প সময়ে তাদের সেবা গ্রহণ করতে পারছে। এছাড়াও যেকোন প্রয়োজনে ঘনঘন দপ্তরে আসার প্রবণতাও অনেক কমেছে। জনগণ ঘরে বসেই অনলাইনের মাধ্যমে অনেক সেবা পাচ্ছে, যা সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

উল্লেখিত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার এধারা অব্যাহত রাখতে তিনি সকলকে আন্তরিক ভাবে কাজ করার আহবান জানান। তিনি উপস্থিত সুধীবৃন্দকে কৃতজ্ঞতা জানিয়ে আগামি দিনগুলোতে সুশাসন প্রতিষ্ঠায় তাঁদের সহযোগিতা কামনা করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১।৮।২২

(মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ
ও
সভাপতি
শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি

পরিশিষ্ট 'ক' (উপস্থিতি ও হাজিরা)

| ক্রঃনং | কর্মকর্তাগণেরনাম | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃআবুল কালাম আজাদ | সিনিয়র সহকারী পরিচালক<br>জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ২. | মোঃ মাসুদ রানা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩. | ড. মোঃ আবু বক্কর ছিদ্দিক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | মোঃ আলী হোসেন শামীম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ আলী হোসেন শামীম | উপজেলা মৎস্য কর্মকর্তা, (অঃদাঃ) গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | মুঃ ওয়ালিউল ইসলাম | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | মোঃ আব্দুর রহিম | খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, নাচেল,<br>চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ আমানুল্লাহ খান | খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, আমনুরা,<br>চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ নাসির উদ্দিন | মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর,<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ নাইমুল হক | সহকারী মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর,<br>গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | মোসাঃ জিন্নাতুন | খাঁচায় মাছচাষি | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ বায়েজীদ | বাহারি মাছের হ্যাচারী মালিক | স্বাক্ষরিত |
| ১৩ | মোঃ সহিদুল ইসলাম | হ্যাচারী মালিক | স্বাক্ষরিত |
| ১৪ | মোঃ মোখলেসুর রহমান | সভাপতি, বেনিপুর মৎস্যজীবী সমবায় সমিতি, নাচোল | স্বাক্ষরিত |
| ১৫ | মোঃ রাকিবুল ইসলাম বাবু | মৎস্য খাদ্য উৎপাদন কারী ও বিক্রেতা | স্বাক্ষরিত |
| ১৬ | মোঃ মুনজের আলম | বরেন্দ্র কৃষি উদ্যোক্তা | স্বাক্ষরিত |
| ১৭ | শ্রী ধর্ম হালদার | মৎস্যজীবী | স্বাক্ষরিত |
| ১৮ | মোঃ রাকিব হাসান | এ্যাকুয়া মেডিসিন বিক্রেতা | স্বাক্ষরিত |

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ।
www.fisheries.chapainawabganj.gov.bd

পত্রনং: ৩৩.০২.৭০০০.৪০০.৫৫.০০২.২১-৪৫৮

তারিখ : ১৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করাহলো:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহীবিভাগ, রাজশাহী
২. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
৩. সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, নাচোল, শিবগঞ্জ, গোমস্তাপুর ও ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৪. দপ্তর নথি।

(মোঃ মাহবুবুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ।
ফোন: ০২৫৮৮৮৯৩৪৮২
ই-মেইল:dfonawabgonj@fisheries.gov.bd